



# PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

## অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি

তারিখঃ ২৫.০২.২০২৪

বিষয় : ৮ই মার্চ ২০২৪ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র প্রতি বছরের মতো এবারও ৮ই মার্চ, আন্তর্জাতিক নারী দিবস ২০২৪ উদযাপন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় অফিস ও উন্নয়ন এলাকায় এ দিবসটি যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য এ সংক্রান্ত প্রতিপাদ্য বিষয় সম্বলিত ব্যানার, পোস্টার, ফেস্টুন সমেত র্যালী ও আলোচনা সভার আয়োজন করা হবে। তবে কোনো কোনো উন্নয়ন এলাকায় প্রয়োজনে উক্ত এলাকার উন্নয়ন প্রতিষ্ঠান, স্থানীয় ক্লাব, সাংস্কৃতিক গোষ্ঠী, স্থানীয় সরকারের সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/অধিদপ্তরের সাথে যৌথভাবে দিবসটি পালন করতে পারে।

উন্নয়ন এলাকায় এ দিবস পালন করার পর র্যালীর বা আলোচনা সভার ছবি সংরক্ষণ করতে হবে। পরে উক্ত ছবিসমূহের কপি কেন্দ্রীয় কার্যালয়ে 'নারী উন্নয়ন ও ক্ষমতায়ন' কর্মসূচির বিভাগ প্রধান বরাবর প্রেরণ করতে হবে।

উল্লেখ্য উন্নয়ন এলাকা পর্যায়ে সর্বোচ্চ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ব্যয় করা যেতে পারে।

এ বারের আন্তর্জাতিক নারী দিবসের প্রতিপাদ্য বিষয় হলো-

“নারীর সমঅধিকার, সমসুযোগ  
এগিয়ে নিতে হোক বিনিয়োগ”।

ধন্যবাদসহ-

সিরাজুল ইসলাম  
প্রধান নির্বাহী  
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

অনুলিপি :

১. সকল উন্নয়ন এলাকা ব্যবস্থাপক;
২. সকল বিভাগীয় ও কেন্দ্রীয় ব্যবস্থাপক;
৩. সকল পরিচালক;
৪. নোটিশ বোর্ড - কেন্দ্রীয় অফিস।

HEAD OFFICE: PROSHIKA BHABAN, I/1 -GA, Section-2, Mirpur, Dhaka-1216

CONTACT ADDRESS: BPMI Bhaban, 213-214 (3rd Floor), Shah Ali Bag, Mirpur-2, Dhaka-1216.

Web: www.proshikabd.com, E-mail: pmuk@proshikabd.com, proshika.acfhd@gmail.com, Cell: 01888 000 285-6